

অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬,
ফোন : ৮০০০৬৩৪, বর্ধিতঃ ৮৫১৬



OFFICE OF THE BA/BSS PROGRAMME
BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS
MIRPUR CANTONMENT, DHAKA-1216
Phone: 8000634, EX: 8516

২৩.০১.৯০২.৮৫৮.২৯.৭৮৬.০৯

২৫ কার্তিক ১৪২৯/ ১০ নভেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

ব্যাচেলর অব আর্টস (বিএ) এবং ব্যাচেলর অব সোস্যাল সাইন্স (বিএসএস) প্রোগ্রামের রেজিস্ট্রেশন নির্দেশিকা
শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩

১। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ফ্যাকাল্টি অব আর্টস এন্ড সোস্যাল সাইন্স এর অধীনে বিএ এবং বিএসএস (পাস) প্রোগ্রামে সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যবৃন্দের বিইউপির অধিভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে প্রাইভেট শিক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন ১০ নভেম্বর ২০২২ তারিখ থেকে শুরু হয়ে আগামী ০৫ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত চলবে। বিষয়োক্ত প্রোগ্রামে আগ্রহী শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের আবেদন নিম্নোক্ত শর্তাবলী ও নিয়মাবলীর প্রেক্ষিতে যথাসময়ে রেজিস্ট্রার অফিস (একাডেমিক শাখা), বিইউপি বরাবরে প্রেরণ করতে হবে।

ক। **শর্তাবলী :** সামরিক বাহিনী ও বিজিবিতে কর্মরত সামরিক ও বেসামরিক সদস্যগণ এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণের পর বিএ এবং বিএসএস (পাস) প্রোগ্রামে প্রাইভেট শিক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

খ। **রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী :**

(১) অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক ছাপানো রেজিস্ট্রেশন ফরম অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, বিইউপি এবং অধিভুক্ত প্রতিষ্ঠান হতে সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীগণ রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে (কাঁটাছেড়া বা ঘষামাজা করা যাবে না) পূরণ করে স্ব স্ব অধিভুক্ত প্রতিষ্ঠানে প্রেরণ করবে এবং অধিভুক্ত প্রতিষ্ঠান বিভিন্ন ইউনিট থেকে প্রাপ্ত পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম তাদের আবরণী পত্রের মাধ্যমে রেজিস্ট্রার অফিস (একাডেমিক সেকশন), বিইউপি বরাবরে প্রেরণ করবে।

(২) রেজিস্ট্রেশন ফরমের যথাস্থানে প্রতিষ্ঠানের নামের জায়গায় বিইউপির অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম (স্ব স্ব ট্রেনিং সেন্টারের নাম যেমন- আর্টিলারি সেন্টার এন্ড স্কুল, চট্টগ্রাম), প্রোগ্রামের নাম বিএ (পাস) অথবা বিএসএস (পাস), সেশন ২০২২-২৩ এবং এসএসসি সনদ অনুযায়ী শিক্ষার্থীর পূর্ণনাম উল্লেখপূর্বক যথাযথভাবে ফরম পূরণ করতে হবে। রেজিস্ট্রেশন ফরমে নির্ধারিত ০২ (দুই) টি স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর নিশ্চিত করতে হবে।

(৩) একই ইউনিট/অধিভুক্ত প্রতিষ্ঠানে একই নামে একাধিক শিক্ষার্থী থাকলে শিক্ষার্থীর সঠিক তথ্য নিশ্চিত করণের লক্ষ্যে রেজিস্ট্রেশন ফরমের ডান দিকে বিএ/সৈনিক/রেজিমেন্ট নাম্বার লিখতে হবে।

(৪) পূরণকৃত ফরমের যথাস্থানে এবং শিক্ষার্থীর ছবির উপরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (কমান্ডেন্ট/প্রভোস্ট/ডিরেক্টর/প্রিন্সিপাল/ডিন) এর সীলযুক্ত স্বাক্ষর থাকতে হবে।

(৫) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাসের সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং বিইউপি জেনারেল ফান্ড এসটিডি একাউন্ট নং ০০২৮-০৩২০০০০৯১ ট্রাস্ট ব্যাংক লিমিটেড, মিরপুর শাখা, ঢাকা এর অনুকূলে রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০০/- (পাঁচশত টাকা মাত্র) টাকা জামা প্লিপের মাধ্যমে জমা করত: জমা প্লিপের মূলকপি রেজিস্ট্রেশন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

২। শুধুমাত্র অধিভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে : প্রতিটি ইউনিট থেকে প্রাপ্ত পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের সনদ, নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং রেজিস্ট্রেশন ফি বাবদ জমাকৃত ৫০০/- (পাঁচশত) টাকার জমা স্লিপের মূলকপিসহ অধিভুক্ত প্রতিষ্ঠানের আবরণী পত্রের মাধ্যমে ১০ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিস (একাডেমিক সেকশন), বিইউপি বরাবর প্রেরণ করতে হবে।

৩। বিএ এবং বিএসএস (পাস) প্রোগ্রামের বিষয় নিবার্চন এবং অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য বিএ এবং বিএসএস (পাস) প্রোগ্রামের রেগুলেশন্স-২০২২ (ফটোকপি সংযুক্ত) অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এই নির্দেশিকাটি বিইউপির ওয়েবসাইট (www.bup.edu.bd) এ 'বিএ এবং বিএসএস (পাস) প্রোগ্রাম রেজিস্ট্রেশন নির্দেশিকা' নামে আপলোড করা হয়েছে। রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে নিম্নবর্ণিত ব্যক্তির সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

মোঃ রহমত উল্লাহ
অফিস অব দি বিএ এবং বিএসএস প্রোগ্রাম
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)
মোবাইল নম্বর : ০১৭১২৬৯১০৮৩

৪। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।



ফজলে কাদের চৌধুরী
গ্রুপ ক্যাপ্টেন
পরিচালক

পক্ষে ভাইস চ্যান্সেলর

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

সেনাসদর, জিএস শাখা (শিক্ষা পরিদপ্তর)
নৌবাহিনী সদর দপ্তর (শিক্ষা পরিদপ্তর)
বিমান বাহিনী সদর দপ্তর (শিক্ষা পরিদপ্তর)
সদর দপ্তর বিজিবি, অপারেশন ও প্রশিক্ষণ শাখা, প্রশিক্ষণ পরিদপ্তর, পিলখানা ঢাকা

অভ্যন্তরীণ :

কার্যক্রম :

রেজিস্ট্রার অফিস (একাডেমিক সেকশন), বিইউপি
আইসিটি সেন্টার (নির্দেশিকাটি বিইউপির ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

অবগতি :

ভিসি'র সচিবালয়, বিইউপি
ডিন অফিস, এফএএসএস
কলেজ পরিদর্শক অফিস, বিইউপি
পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস, বিইউপি।